

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৬, ২০০১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ই এপ্রিল, ২০০১/৩রা বৈশাখ, ১৪০৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ১৬ই এপ্রিল, ২০০১ (৩রা বৈশাখ, ১৪০৮) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০১ সনের ২৪ নং আইন

ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৩৬ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়।

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০০১ নামে অভিহিত হইবে।

২। ১৯৯০ সনের ৩৬ নং আইনের ধারা ৪ এর সংশোধন।—ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৩৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) বৃহত্তর ঢাকা এলাকায় বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ ও বিক্রয় এবং এতদসংক্রান্ত স্থাপনা ও ব্যবস্থার রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ।”

৩। ১৯৯০ সনের ৩৬ নং আইনের ধারা ৭ এর পর নূতন ধারা ৭ক এর সন্নিবেশ।—উক্ত আইনের ধারা ৭ এর পর নিম্নরূপ নূতন ধারা ৭ক সন্নিবেশিত হইবে, যথা :—

“৭ক। অন্যান্য উৎস হইতে কর্তৃপক্ষের বিদ্যুৎ ক্রয়ের ক্ষমতা।—কর্তৃপক্ষ সরকারের সহিত সম্পাদিত চুক্তির অধীন স্থাপিত কোন উৎপাদনকারী ব্যক্তি বা সংস্থার নিকট হইতে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ও অন্যান্য শর্তাধীনে বিদ্যুৎ ক্রয় করিতে পারিবে।”

( ১৪৩১ )

মূল্য : টাকা ২.০০

২০০১ সনের ২৫ নং আইন

**The Bangladesh Water and Power Development Boards Order, 1972 এর  
অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে The Bangladesh Water and Power Development Boards Order, 1972 (P. O. No. 59 of 1972) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন The Bangladesh Water and Power Development Boards (Amendment) Act, 2001 নামে অভিহিত হইবে।

২। P.O.No. 59 of 1972 এর Article 10 এর সংশোধন।—The Bangladesh Water and Power Development Boards Order, 1972 (P.O.No. 59 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 10 এর clause (4) এর পর নিম্নরূপ নূতন clause (5) সংযোজিত হইবে, যথা ঃ—

“(5) The Power Board may purchase power from any person or entity authorised to generate electricity by the appropriate authority at such rate as may be determined by the Government.”

৩। P. O. No. 59 of 1972 এর Article 12 এর সংশোধন।—উক্ত Order এর Article 12 এর clause (1) এর শেষ প্রান্তস্থিত Full- stop এর পরিবর্তে একটি colon প্রতিস্থাপিত হইবে এবং উহার পর নিম্নরূপ proviso সংযোজিত হইবে, যথা ঃ—

“Provided that any such scheme framed by a power generating station, run by any person or entity other than Power Board, to fulfil its obligations under any contract entered into between its owner and the Government shall not be required to be submitted through the Board concerned.”

২০০১ সনের ২৬ নং আইন

**Rural Electrification Board Ordinance, 1977 (LI of 1977)  
এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Rural Electrification Board Ordinance, 1977 (LI of 1977) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন The Rural Electrification Board (Amendment) Act, 2001 নামে অভিহিত হইবে।

২। **Ord. LI of 1977 এর section 9 এর সংশোধন।**—Rural Electrification Board Ordinance, 1977 (LI of 1977) এর section 9 এর clause (c) তে “Power Development Board” শব্দগুলির পর “ and any power-generating station run by any person or entity under a contract with the Government” শব্দগুলি সন্নিবেশিত হইবে।

২০০১ সনের ২৭ নং আইন

**Rural Electrification Board Ordinance, 1977 (LI of 1977) এর অধিকতর  
সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Rural Electrification Board Ordinance, (LI of 1977) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন The Rural Electrification Board (Second Amendment) Act, 2001 নামে অভিহিত হইবে।

২। **Ordinance LI of 1977 এর section 5 এর সংশোধন।**—Rural Electrification Board Ordinance, 1977 (LI of 1977) এর section 5 এর sub-section (1) এর clause (b) তে উল্লিখিত “three” শব্দের পরিবর্তে “four” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

কাজী রকিবউদ্দীন আহমদ  
সচিব।